বাংলাদেশ শিল্প ও বাণিজ্য তথ্য সংগ্রহ ডকুমেন্টেশন কেন্দ্র

দৈনিক বাংলা

49

তারিখ ... MAY 1989
পৃষ্ঠা ... 12 কলাম 2

# বাংলাদেশের আনুমানিক লোকসংখ্যা ১১ কোটি ১৯ লাখ

(বিশেষ সংবাদদাতা)

গতকাল বৃহস্পতিবার বিকাল চারটা ১৪ মিনিটে জাতিসংঘের উদ্যোগে সিকো কোম্পানীর নির্মিত বিশ্বজনসংখ্যা ঘড়িতে বাংলাদেশের আনুমানিক লোকসংখ্যা হচ্ছে ১১ কোটি ১৯ লাখ ৮৭ হাজার ৫৫১ জন।

এর প্রায় একঘণ্টা আগে তিনটা ৫৯ মিনিটে লোক সংখ্যা ছিল ১১ কোটি ১৯ লাখ ৮৭ হাজার ২৪৩ জন। লোক সংখ্যা বৃদ্ধি ৩০৩ জন।

বিশ্বজনসংখ্যা ১৯৮৯ সম্পর্কিত এক রিপোর্ট আলোচনা প্রসঙ্গে ইউএনএফপি-এর কান্ট্রি ডিরেক্টর (বাংলাদেশ) মিঃ জে এস পারসংখ্যা সাংবাদিকদের এই ঘড়িটি দেখিয়ে একথা জানান। সাংবাদিক সম্মেলনে ইউএনএফপিএ প্রতিনিধি মিঃ আলিং বেসাও বক্তব্য রাখেন। রিপোর্ট তৈরী করেন ইউএনএফপির নির্বাহী পরিচালক ডঃ নাফিস সাদিক।

'বিশ্বজনসংখ্যা ১৯৮৯' রিপোর্টে উন্নয়নশীল দেশে মহিলাদের বিভিন্ন ক্ষেত্রে ভূমিকার কথা বলা হয়।

তিনি বলেন গত পাঁচ বছরে ইউএনএফপির বাংলাদেশের বিভিন্ন কর্মসূচীতে প্রায় ২ কোটি ডলার ব্যয় করেছে। আজ থেকে ২০ বছর আগে বিশ্বজনসংখ্যা নিয়ন্ত্রনের লক্ষ্যে জাতিসংঘের উদ্যোগে এই সংস্থার সৃষ্টি।